

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা।
(বোর্ড প্রশাসন-১ শাখা)

নথি নং-১(১)বোর্ড প্রশাসন-১/২০০৯(অংশ-১)/১৬৫

তারিখ: ২২ মাঘ, ১৪২৫
০৪ জানুয়ারি, ২০১৯

অফিস আদেশ

জাতীয় রাজস্ব বোর্ডের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার নিমিত্তে বর্তমান অনুমোদিত সাংগঠনিক কাঠামোর সাথে নিম্নোক্ত শাখাসমূহ সংযুক্ত করে সাংগঠনিক সংস্কার করার পরিকল্পনা আছে। সাংগঠনিক কাঠামো সংস্কার হওয়ার পূর্ব পর্যন্ত প্রস্তাবিত শাখাসমূহের দায়িত্ব নিম্নোক্ত শাখা সমূহ পালন করবে :

ক্রঃ নং	প্রস্তাবিত শাখা	প্রধান দায়িত্বসমূহ	অস্থায়ী ভাবে দায়িত্ব পালনকারী শাখা
১.	(ক) প্রটোকল শাখা	চেয়ারম্যান মহোদয়ের প্রটোকলসহ বোর্ডে আগত গুরুত্বপূর্ণ অতিথিদের প্রটোকলের সঠিক ব্যবস্থাপনা করবে।	জনসংযোগ শাখা
২.	(খ) স্টেট ম্যানেজমেন্ট বা সম্পদ ব্যবস্থাপনা ও আইন শাখা	সম্পদ ব্যবস্থাপনা শাখা বোর্ডের এবং তাঁর অধিনস্থ মাঠ পর্যায়ের অফিসসমূহের জমি, সম্পদ ইত্যাদির তথ্য সংরক্ষণ করাসহ এই বিষয়ে কোন আইনি জটিলতা হলে তা নিরসনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে।	আইন শাখা
৩.	(গ) উন্নয়ন ও পরিকল্পনা শাখা	উন্নয়ন ও পরিকল্পনা শাখা বোর্ডের উন্নয়ন, অধিনস্থ অফিসসমূহের স্থাপনা নির্মাণ, অনুমোদন ইত্যাদি কার্যসমূহ সম্পন্ন করবেন। এছাড়া খসড়া প্রকল্প প্রণয়ন ও আনুষ্ঠানিক কাজসমূহ সম্পন্ন করবে।	বোর্ড প্রশাসন-১ শাখা

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে এ আদেশ জারী করা হলো এবং এটি অবিলম্বে কার্যকর হবে।

অফিস AP/স্বাক্ষর AP
০৪/০২/১৯

০৪/০২/১৯

(শারমিন আরা)

(সিনিয়র সহকারী সচিব)

দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১)

ফোন-৪৮৩১৮১২০-২৬ (এক্স-৩৭১)

ই-মেইল # nbrba1@gmail.com.

বিতরণ :

- ১। সদস্য (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ২। মহাপরিচালক, সিআইসি/গবেষণা ও পরিসংখ্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৩। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। প্রথম সচিব (সকল), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের অবগতির জন্য)।
- ৫। বিজ্ঞ আইন কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬। জনসংযোগ কর্মকর্তা, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৭। দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-১), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৮। জনাব আনতারা আনিকা পিয়া/জনাব মোঃ ফরহাদ খান পাঠান, সহকারী প্রোগ্রামার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাকে জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধসহ)।

মোঃ শফিকুর রহমান
সিস্টেমস ম্যানেজার
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।